# বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি ও মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মনিরুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মনিটরিং ও টীম লিডার, বাপাউবো'র এপিএ টীম। |
| সভার তারিখ | ঃ | ১৫ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ। |
| সভার সময় | ঃ | সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | আইসিটি ল্যাব, পানি ভবন (লেভেল-১১), বাপাউবো, ঢাকা। |

গত ১৫ ডিসেম্বর, ২০২০ তারিখে সকাল ১০:৩০ ঘটিকায় প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে বাপাউবো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টীমের ডিসেম্বর মাসের সভা অনুষ্ঠিত হয়। সভায় বাপাউবো'র এপিএ টীমের সদস্যগণ আইসিটি ল্যাব, পানি ভবন (লেভেল-১১), বাপাউবো, ঢাকা এর কক্ষে এবং বাপাউবো'র মাঠ পর্যায়ের সকল জোনের প্রধান প্রকৌশলীগণ Zoom এর মাধ্যমে সংযুক্ত হন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় সভাপতি গত ২৯ নভেম্বর, ২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ উপস্থিত সকলকে অবহিত করেন। তৎপরবর্তীতে সভাপতি এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) সভায় সংযুক্ত সকল জোনের প্রধান প্রকৌশলীগণকে ২০২০-২১ অর্থ-বছরের এপিএ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ তুলে ধরেন এবং তা অর্জনের জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২০-২০২১ অর্থ বছরে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের মান বাড়িয়ে ২০ থেকে ২৫ করা হয়েছে। এজন্য তিনি লক্ষ্যমাত্রা অনুযায়ী আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের বিষয়ে অধিক গুরুত্ব প্রদান এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়াও, সভায় সকল লক্ষ্যমাত্রা অর্জনের স্বপক্ষে নিয়মতান্ত্রিকভাবে প্রমাণক প্রত্যেক জোনে যথাযথভাবে সংরক্ষণ করার উপর গুরুত্বারোপ করা হয়।

০৩। সভায় আলোচনাকালে জোনের প্রধান প্রকৌশলীগণের এপিএ বিষয়ক জিজ্ঞাসিত বিভিন্ন প্রশ্নের সুচিন্তিত উত্তর প্রদান, বিভিন্ন সূচকের প্রমাণকের স্পষ্টীকরণ ব্যাখ্যা প্রদান এবং লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | মন্ত্রণালয়ের এপিএ টীমের মাসিক সভায় অংশগ্রহণের স্বার্থে প্রত্যেক জোনে প্রকৌশল জ্ঞান সম্পন্ন উপযুক্ত পদমর্যাদার কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট কর্মকর্তার দায়িত্ব প্রদান করে প্রযোজ্য ক্ষেত্রে এপিএ টীম পুনর্গঠনের জন্য সুপারিশ করা হল। | সকল জোনের প্রধান প্রকৌশলী |
| খ) | জোন পর্যায়ে এপিএ টীমের মাসিক সভার কার্যবিবরণী ও সভার বিজ্ঞপ্তি প্রসেসিং পরিদপ্তরে প্রতি মাসে প্রেরণ করতে হবে। | সকল জোনের প্রধান প্রকৌশলী |
| গ) | প্রত্যেক জোন তার আওতাধীন সার্কেলের সাথে এপিএ চুক্তির কপি সংরক্ষণ করবে এবং বোর্ড/ মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে যে কোন সময় প্রেরণের জন্য প্রস্তুত থাকবে। | সকল জোনের প্রধান প্রকৌশলী |
| ঘ) | মাঠ দপ্তর ও সদর দপ্তরে ই-নথি কার্যক্রম বেগবান করতে হবে। সে লক্ষ্যে ই-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে আইডি তৈরি এবং তা যথাযথভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল দপ্তর প্রধানগণ |
| ঙ) | কর্মসম্পাদন সূচক [২.৪.২] অর্জনের স্বার্থে প্রতি জোনে এপিএ বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে নোটশীট বোর্ডে প্রেরণ করতে হবে। | সকল জোনের প্রধান প্রকৌশলী |
| চ) | কর্মসম্পাদন সূচক [১.২.১], [১.৩.১] ও [১.৪.১] অর্জনের স্বার্থে বোর্ড সচিবালয়ের সাথে যোগাযোগ করে শুদ্ধাচার কার্যক্রম জোন পর্যায়ে বিস্তৃত করতে হবে এবং শুদ্ধাচার কার্যক্রমের প্রমাণকসমূহ অত্র দপ্তরে প্রেরণ করতে হবে । | সকল জোনের প্রধান প্রকৌশলী |
| ছ) | কর্মসম্পাদন সূচক [২.৫] অর্জনের স্বার্থে কৃতিত্বপূর্ণ এপিএ বাস্তবায়নের জন্য অন্তত এক জনকে পুরস্কার স্বরুপ প্রণোদনা প্রদানের উদ্যেগ গ্রহণ করতে হবে। | সকল জোনের প্রধান প্রকৌশলী |
| জ) | আগামী ৩ জানুয়ারী, ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রত্যেক জোন ২য় কোয়ার্টার এর এপিএ মূল্যায়ন প্রতিবেদন (কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য) অত্র দপ্তরে দাখিল করতে হবে। | সকল জোনের প্রধান প্রকৌশলী |
| ঝ) | সকল লক্ষ্যমাত্রা অর্জনের স্বপক্ষে প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে যাতে মন্ত্রণালয় হতে চাওয়া মাত্র তা সরবরাহ করা যায়। | সকল জোনের এপিএ টীম |

০৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/১২/২০২০

(মোঃ মনিরুল ইসলাম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ও
টীম লিডার, এপিএ টীম, বাপাউবো।

স্মারক নং:- ৪২.০১.০০০০.০১২.১০.০০১.২০-৩৮৯ তারিখঃ ১৭/১২/২০২০ খ্রিঃ


**অনুলিপি (কার্যবিবরণী সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো) ঃ**

১-৩। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৫-১৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, ঢাকা/ খুলনা/ ফরিদপুর/ চট্টগ্রাম/ কুমিল্লা/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেট।
১৪। সচিব, বাপাউবো, ঢাকা।
১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
১৬-১৮। পরিচালক, অর্থ/হিসাব রক্ষণ/অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
২০। উপ-সচিব (বোর্ড), বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
২১। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
২২। জনাব নাসরিন সুলতানা, সিস্টেম এনালিস্ট, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও ই-নথি ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
২৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে)ঃ**

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সভাপতি, পাসম এপিএ কমিটি, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয় এবং পাসম এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা।

**(ডঃ মোঃ আবুল বাশার)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর
ও
এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা



চিত্রঃ আইসিটি ল্যাব এ মাসিক এপিএ টীম মিটিং এ অংশগ্রহণরত এপিএ টীমের সদস্যগণ




চিত্রঃ Zoom app এর মাধ্যমে এপিএ মিটিং এ অংশগ্রহণরত এপিএ টিমের সদস্য ও সকল জোনের প্রধান প্রকৌশলীগণ

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, (লেভেল-৬, ব্লক-এফ),
৭২, গ্রীণ রোড, ঢাকা
ই-মেইল: dir.processing@bwdb.gov.bd
ওয়েব ঠিকানা: www.bwdb.gov.bd

**Processing Directorate**
Pani Bhaban,72 Green Road, Dhaka
E-mail: dir.processing.bwdb@gmail.com
**Website:** www.bwdb.gov.bd

নম্বর ৪২.০১.০০০০.০১২.১০.০০১.২০.৩৭৩

তারিখ ঃ ১০/১২/২০২০ খ্রিঃ

## সভার বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর মাসিক সভা।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের সাথে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের স্বাক্ষরিত ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সাথে সকল জোনের প্রধান প্রকৌশলীর স্বাক্ষরিত এপিএ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা বিষয়ক একটি সভা আগামী ১৫/১২/২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় বাপাউবো'র এপিএ টীম লিডার প্রধান প্রকৌশলী, মনিটরিং মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তরকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় বাপাউবো'র এপিএ টীমের সদস্যগণ প্রধান প্রকৌশলী, মনিটরিং এঁর দপ্তরকক্ষে উপস্থিত থাকবেন এবং প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলী সংশ্লিষ্ট জোনের ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ অনলাইনে ZOOM এ্যাপস এর মাধ্যমে সভায় সংযুক্ত হবেন। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অদিষ্টমতে অনুরোধ জানানো হলো। ZOOM এর মিটিং আইডি ও পাসওয়ার্ড যথাসময়ে ই-মেইলে জানিয়ে দেয়া হবে।

১০/১২/২০২০

(ড. মোঃ আবুল বাশার)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ কুমিল্লা/ সিলেট/ চট্টগ্রাম/ রংপুর/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। বাপাউবো এর ওয়েব সাইটে আপলোড করা এবং Zoom মিটিং আইডি ও পাসওয়ার্ড প্রেরণের অনুরোধসহ।
৫) নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৬) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৭) উপসচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৮) সিস্টেম এনালিস্ট, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৯) নির্বাহী প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১০) সহকারী প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।